REPORT OF THE BOARD OF DIRECTORS OF UNITED INSURANCE COMPANY LIMITED

FOR THE YEAR ENDED 31 DECEMBER 2023

DEAR SHAREHOLDERS

On behalf of the Board of Directors of United Insurance Company Limited, I am pleased to welcome you at the 39th Annual General Meeting of the Company. It is a great pleasure and privilege for me as part of the Board to present the Annual Report of 2023 along with the Auditors Report and Audited Financial Statements of the Company for the year ended 31 December 2023.

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ

ইউনাইটেড ইনসিওরিন্স কোম্পানী লিমিটেড-এর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে কোম্পানীর ৩৯তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত জানাতে পেরে আনন্দিত। পরিচালকমন্ডলীর অংশ হয়ে কোম্পানীর ৩১শে ডিসেম্বর ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদন এর সাথে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন আপনাদের নিকট উপস্থাপন করতে পেরে অত্যন্ত আনন্দিত।

Directors at the 38th Annual General Meeting held virtually by using Digital Platform

INSURANCE INDUSTRY

The insurance sector of Bangladesh has been growing over the years amid various challenges such as the low awareness of people, crisis of confidence among policyholders, limited product diversification and lack of proper regulatory supervision. As per Insurance Development & Regulatory Authority's (IDRA's) report, the gross premium income of non-life private sector insurance of the country increased to Tk. 41,068.70 million in 2022 from Tk. 37,852.80 million in 2021, registering a growth of 8.50 percent. It is expected that the non-life insurance market will achieve a compound annual growth rate (CAGR) of more than 6% during 2023-2027. Whereas non-life insurance business in Bangladesh unfortunately accounts for less than 1% of the Country's GDP as a large part of the economy still remains untapped. The scope for expansion, therefore, is enormous and this can be achieved by a coordinated effort of the government, the IDRA and the insurance companies.

বীমা শিল্প

জনসচেতনতার অভাব, পলিসিহোল্ডারদের আস্থার অভাব, সীমিত পণ্য বৈচিত্র্য ও নিয়ন্ত্রক সংস্থার যথাযথ তদারকির অভাবের মত বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলা করেও এ দেশের বীমা খাত প্রতিবছর প্রবৃদ্ধি অর্জন করছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর রিপোর্ট অনুযায়ী দেশের নন-লাইফ প্রাইভেট সেক্টর ইনসিওরেন্স-এর মোট বীমা প্রিমিয়াম আয় ২০২১ সালে ৩৭,৮৫২.৮০ মিলিয়ন টাকা থেকে ৮.৫০ শতাংশ হারে বৃদ্ধি পেয়ে ২০২২ সালে হয়েছে ৪১,০৬৮.৭০ মিলিয়ন টাকা। তবে এটাও আশা করা যাচ্ছে যে, আগামী ২০২৩-২০২৭ অর্থবছরেসমূহে নন-লাইফ ইনসিওরেন্স-এর ব্যবসা বার্ষিক ৬ শতাংশ বা এর চেয়ে বেশী হারে বৃদ্ধি পাবে। দুর্ভাগ্যবশত বাংলাদেশের অর্থনীতির একটি বৃহৎ অংশ এখনও বীমা শিল্পের আওতা বহিঃভূত হওয়ায় নন-লাইফ বীমা ব্যবসা এখনও দেশের জিডিপির ১ শতাংশের ও কম। অতএব বীমা শিল্পের সম্প্রসারণের সুযোগ বিশাল এবং সরকার, আইডিআরএ এবং বীমা কোম্পানীসমূহের সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে এটি অর্জন করা সম্ভব।

Participants at Branch Managers' Conferance at Camellia House

INSURANCE BUSINESS IN 2023

Our company earned a gross premium income of Tk. 609.63 million as against Tk. 585.68 million in 2022.

CREDIT RATING

United Insurance Company Limited, as you know, is rated "AA+" by the Credit Rating Information and Services Limited (CRISL) and this continues to reflect Company's very high claim paying ability, prudent financial management, good solvency, diversified investment portfolio, sound liquidity and experienced top management. The rating helps the Company to negotiate better terms from the reinsurers abroad.

RISKS MANAGEMENT

Your Company is always aware of the risk factors inherent in this industry. To keep the risks at an acceptable level, our Company identifies, monitors and reviews the risks inherent in the business from time to time, continues to update data base for information and takes corrective and or preventive measures to safeguard the stakeholders' interest.

BUSINESS PERFORMANCE

Fire Insurance Business

The Company wrote fire insurance business with a gross premium income of Tk. 148.06 million against Tk. 163.50 million in 2022. The net premium, after ceding of the re-insurance premium, was Tk. 28.29 million against Tk. 30.68 million in 2022. The underwriting loss was Tk. 20.61 million from this sector in 2023.

বীমা ব্যবসা-২০২৩

আপনার কোম্পানী প্রিমিয়াম আয় করেছে ৬০৯.৬৩ মিলিয়ন টাকা যা ২০২২ সালে ছিল ৫৮৫.৬৮ মিলিয়ন টাকা ।

ক্রেডিট রেটিং

আপনারা জেনে আনন্দিত হবেন যে, ক্রেডিট রেটিং ইনফরমেশন ও সার্ভিসেস লিঃ কর্তৃক ইউনাইটেড ইনসিওরেন্স কোম্পনী লিমিটেড-এর ক্রেডিট রেটিং "AA plus" দেয়া হয়েছে, যা কোম্পানীর বীমা দাবী পরিশোধের আর্থিক সক্ষমতা, বিচক্ষন আর্থিক ব্যবস্থাপনা, সচ্ছলতা, বহুমূখী বিনিয়োগ, সুদৃঢ় তারল্য এবং অভিজ্ঞ ব্যবস্থাপনাকে প্রতিফলিত করে। বিদেশী পুনঃবীমাকারীদের নিকট থেকে অনুকুল শর্তবলী প্রাপ্তীর ক্ষেত্রেও এই ক্রেডিট রেটিং কোম্পানীকে সাহায্য করবে।

ঝুঁকি ব্যবস্থাপনা

বীমা শিল্পে বিদ্যমান ঝুঁকি সমূহ সম্পর্কে আপনার কোম্পানী সদা সচেতন। ঝুঁকিসমুহকে গ্রহণযোগ্য পর্যায়ে রাখতে আপনাদের কোম্পানী প্রতিনিয়ত ব্যবসায়ের সাথে সম্পৃক্ত বিদ্যমান ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা, তথ্য-ভান্ডার হাল-নাগাদকরণ এবং গ্রাহক, শুভ্যানুধায়ী ও শেয়ারহোল্ডাদের স্বার্থ সংরক্ষণের জন্য সংশোধনমূলক বা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করে থাকে।

ব্যবসা কর্মক্ষমতা

অগ্নি বীমা ব্যবসা

কোম্পানী অগ্নি বীমা ব্যবসা থেকে ২০২২ সালের মোট প্রিমিয়াম ১৬৩.০৫ মিলিয়ন টাকা এর বিপরীতে এ বছর প্রিমিয়াম আয় করেছে ১৪৮.০৬ মিলিয়ন টাকা। পুনঃবীমা প্রিমিয়ামের যথাযথ সংস্থানের পর অগ্নি বীমা ব্যবসায়ে নীট প্রিমিয়াম হয়েছে ২৮.২৯ মিলিয়ন টাকা, যা ২০২২ সালে ছিল ৩০.৬৮ মিলিয়ন টাকা। কোম্পানী ২০২৩ সালে এ খাতে ২০.৬১ মিলিয়ন টাকা লোকসান করেছে।

Marine Insurance Business

The gross premium income from underwriting of marine insurance increased to Tk. 334.41 million from Tk. 303.61 million in 2022, yielding a net premium of Tk. 212.02 million, after payment for re-insurance. The Company earned an underwriting profit of Tk. 76.36 million against Tk. 61.25 million in 2022. Marine insurance business was higher than the preceding year due to rebound of export and import business in 2023.

Motor and Miscellaneous Insurance Business

In motor insurance segment, UICL's gross premium income increased from Tk. 29.94 million in 2022 to Tk. 35.18 million in 2023. Profit from this segment was Tk. 15.84 million against Tk. 12.45 million in 2022. Motor business was adversely affected because of lower sale of motor vehicles last year and also because Bangladesh Road Transport Authority (BRTA) issued a circular making insurance for motor vehicle non-mandatory. As a result, income from third party insurance policies came down drastically.

Premium income from miscellaneous underwriting increased to Tk. 91.98 million in 2023 from Tk. 88.64 million in 2022. The underwriting loss was Tk. 5.73 million from this sector due to high reinsurance ceding in 2023.

Income from Investment

Interest income received from deposits with banks and non-banking financial institutions was Tk. 55.87 million compared to Tk. 38.32 million in 2022, registering a growth of 45.80 percent.

The dividend income, excluding dividend received from United Finance Limited (UFL), was Tk. 1.02 million as against Tk. 0.93 million in 2022. In addition to dividend income from investment in shares, the Company earned capital gain of Tk. 0.68 million against Tk. 1.64 million in 2022 through trading of shares in the capital market throughout the year. From UFL, we received a cash dividend of Tk. 18.56 million in 2023.

নৌ বীমা ব্যবসা

নৌ বীমা ব্যবসা থেকে কোম্পানীর মোট প্রিমিয়াম আয় ২০২২ সালের ৩০৩.৬১ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে এ বছর হয়েছে ৩৩৪.৪১ মিলিয়ন টাকা, যথাযথ পুনঃবীমা প্রিমিয়াম প্রদান-এর পর নীট প্রিমিয়াম আয় হয়েছে ২১২.০২ মিলিয়ন টাকা। কোম্পানী নৌ বীমা ব্যবসা থেকে ২০২২ সালের ৬১.২৫ মিলিয়ন টাকা অবলিখন মুনাফার স্থলে এবছর অর্জন করেছে ৭৬.৩৬ মিলিয়ন টাকা। ২০২৩ সালে আমদানি-রপ্তানি ব্যবসা পুনর্গঠন হওয়ার ফলে গত বছর থেকে নৌ বীমা ব্যবসা এবছর বৃদ্ধি পেয়েছে।

মোটর ও বিবিধ বীমা ব্যবসা

মোটর বীমা ব্যবসার মোট প্রিমিয়াম আয় ২০২২ সালের ২৯.৯৪ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০২৩ সালে হয়েছে ৩৫.১৮ মিলিয়ন টাকা। এখাত থেকে ২০২৩ সালে ১৫.৮৪ মিলিয়ন টাকা মুনাফা অর্জিত হয়েছিল যা ২০২২ সালে ছিল ১২.৪৫ মিলিয়ন টাকা। গাড়ী বিক্রি কম হওয়া এবং বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক মোটর বীমা ঐচ্ছিক করার কারণে মোটর বীমা ব্যবসা আলোচ্য বছরে কম হয়েছে। ফলস্বরূপ, তৃতীয় পক্ষের বীমা পলিসি থেকে আয় ব্যাপকভাবে হ্রাস পেয়েছে।

বিবিধ অবলিখন ব্যবসা থেকে ২০২৩ সালে প্রিমিয়াম আয় হয়েছে ৯১.৯৮ মিলিয়ন টাকা এর বিপরীতে ২০২২ সালের আয় হয়েছিল ৮৮.৬৪ মিলিয়ন টাকা। ২০২৩ সালে অধিক পরিমান পুনঃবীমা সিডিং ও দাবি পরিশোধের কারনে এ বছর ক্ষতি হয়েছে ৫.৭৩ মিলিয়ন টাকা।

বিনিয়োগ থেকে আয়

বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে গচ্ছিত বিনিয়োগ থেকে ২০২২ সালের প্রাপ্ত মুনাফা ৩৮.৩২ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে এ বছর হয়েছে ৫৫.৮৭ মিলিয়ন টাকা, যা গত বছরের তুলনায় ৪৫.৮০ শতাংশ বৃদ্ধি পেয়েছে ।

ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড থেকে প্রাপ্ত লভ্যাংশ ব্যতিত, ২০২২ সালের লভ্যাংশ আয় ০.৯৩ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে এবছর হয়েছে ১.০২ মিলিয়ন টাকা। শেয়ার বিনিয়োগের লভ্যাংশ আয় ছাড়াও শেয়ার ক্রয়-বিক্রয় এর মাধ্যমে ২০২৩ সালে ০.৬৮ মিলিয়ন টাকার বিপরীতে ২০২২ সালে কোম্পানীর মুনাফা হয়েছিল ১.৬৪ মিলিয়ন টাকা। ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড থেকে ২০২৩ সালে নগদ লভ্যাংশ হিসেবে ১৮.৫৬ মিলিয়ন টাকা গ্রহণ করা হয়েছে।

PROFIT AND LOSS ACCOUNT

The salient features are given below:

Particulars	2023 Taka	2022 Taka
Gross Premium	609,625,962	585,680,500
Net Premium	298,721,186	280,646,097
Underwriting profit	65,863,401	61,079,362
Interest income	55,874,257	38,316,314
Dividend income	19,580,046	38,042,715
Profit before tax	125,494,623	120,027,516
Provision for tax	46,343,677	42,163,480
Transfer to Reserve for exceptional losses	29,872,119	28,064,610

The Company adopted 'IFRS-9: Financial Instruments for recording and presentation of investment in shares' at fair value as at 31 December 2023. The difference between market value of the securities and their cost has been reflected in the profit and loss account of the Company, except the fair value gain on shares of United Finance Limited (UFL).

The fair value gain on UFL's shares has been presented separately in the profit and loss appropriation account of the financial statements of 2023.

COMPANY'S VEHICLES: USAGE & MAINTENACE

In compliance with the Circular No:Bi:U:Ni:Ka/GAD/1003/2011-554 dated 24 April 2014 by the Insurance Development and Regulatory Authority (IDRA), we confirm that the Company's total expenses relating to usage and maintenance of its office pool vehicles in 2023 was Tk. 0.87 million. The total number of office pool vehicles was 4 for which total cost was Tk. 8.80 million and the written down value as at 31 December 2023 was Tk. 1 only each.

DIVIDEND

The Board recommends cash dividend of TK. 1.00 per ordinary share (face value of Tk. 10 each) amounting to Tk. 44.50 million for 44.50 million ordinary shares held on record date i.e. 21 March 2024 for the year ended on 31 December 2023.

লাভ-ক্ষতি হিসাব

বিবরণ	২০২৩ টাকা	২০২২ টাকা
মোট প্রিমিয়াম আয়	৬০৯,৬২৫,৯৬২	৫৮৫,৬৮০,৫০০
নীট প্রিমিয়াম আয়	২৯৮,৭২১,১৮৬	২৮০,৬৪৬,০৯৭
অবলিখন মুনাফা	৬৫,৮৬৩,৪০১	৬১,০৭৯,৩৬২
সুদ আয়	৫৫,৮৭৪,২৫৭	৩৮,৩১৬,৩১৪
লভ্যাংশ আয়	১৯,৫৮০,০৪৬	৩৮,০৪২,৭১৫
আয়কর পূর্ব মুনাফা	১২৫,৪৯৪,৬২৩	১২০,০২৭,৫১৬
আয়কর সঞ্চিতি	৪৬,৩৪৩,৬৭৭	৪২,১৬৩,৪৮০
এক্সেপসনাল লস রির্জাভে স্থানান্তর	২৯,৮৭২,১১৯	২৮,০৬৪,৬১০

কোম্পানীর শেয়ারে বিনিয়োগ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখ সমাপ্ত বছরে 'ফেয়ার ভ্যাল' বা ন্যায্য মূল্যে হিসাবভুক্তকরণ ও প্রকাশের জন্য হিসাব মান 'আইএফআরএস-৯: ফিনান্সিয়াল ইস্ট্রুমেন্টস' গ্রহন করেছে । শেয়ারে বিনিয়োগ সমূহের বাজারমূল্য ও ক্রয়মূল্যের মধ্যে যে পার্থক্য তা কোম্পানীর লাভ-লোকসান হিসাবে প্রদর্শিত হয়েছে, কিন্তু ইউএফএল-এর শেয়ার থেকে অর্জিত অনগদায়নকৃত মূলধনী মুনাফা এতদসংগে অন্তর্ভুক্ত করা হয়নি।

ইউএফএল-এর শেয়ার থেকে অর্জিত অনগদায়নকৃত মূলধনী মুনাফা আলাদাভাবে ২০২৩ সালের লাভ লোকসান আবন্টন বিবরনীতে উপস্থাপন করা হয়েছে।

কোম্পানীর মোটরযান: ব্যবহার ও পরিচালন ব্যয়

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বীঃউঃনিঃক) কর্তৃক বিলাশবহুল যানবাহনে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে জারিকৃত সার্কুলার নং বীঃউঃনিঃক/জিএডি/১০০৩/২০১১-৫৫৪ তারিখঃ ২৪ জুলাই ২০১৪-এর পরিপালন অনুসারে উল্লেখ করা যাচ্ছে যে, ২০২৩ সালে কোম্পানীর মোটরযান সমূহের ব্যবহার ও পরিচালন ব্যয় হয়েছে ০.৮৭ মিলিয়ন টাকা। কোম্পানীর মোট যানবাহন সংখ্যা ছিল ০৪টি যেগুলোর ক্রয়মূল্য ছিল মোট ৮.৮০ মিলিয়ন টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২০ হিসাব সমাপ্ত বছরে যেগুলোর প্রতিটির অবচিতি মূল্য ছিল মাত্র ১.০০ টাকা করে।

লভ্যাংশ

পরিচালনা পর্ষদ ৩১ ডিসেম্বর ২০২৩ সমাপ্ত বছরের জন্য নির্ধারিত রেকর্ড তারিখ অর্থাৎ ২১ মার্চ ২০২৪ মোতাবেক প্রতিটি সাধারণ শেয়ারের (১০ টাকা অভিহিত মূল্য) বিপরীতে ১.০০ টাকা হারে নগদ লভাংশ হিসেবে ৪৪.৫০ মিলিয়ন শেয়ারের বিপরীতে ৪৪.৫০ মিলিয়ন টাকা প্রদানের সুপারিশ করেছেন।

DIRECTORS

Sponsor Directors

In accordance with the provision of article 153, 154 and 155 of the Articles of Association of the Company, Mr. Syed Ehsan Quadir and Mr. M Shah Alam, nominated by M/s. Macalms Bangladesh Trust and M/s. AMO Tea Company Limited respectively, retire and being eligible offer themselves for re-election.

Director From Public Subscribers

Mr. Md. Mustafizur Rahman, in accordance with the provisions of articles 153, 154 and 155 of the Articles of Association of the Company, nominated by the Chandpore Tea Company Limited, director from amongst the public subscribers retires and being eligible offers himself for re-election.

The relevant notice dated 26 February 2024 regarding the election of Director from public subscribers was published in two national dailies where the last date of submission of nomination will be 21 March 2024. The election of director from public subscribers will be held at the Annual General Meeting.

Directors' Remuneration

Board of directors of UICL are non-executive directors and they are not eligible to receive remuneration of any kind other than the attendance fee for the Board and its Committee meetings. During the year 2023, a total amount of Tk. 410,000.00 (Tk. four lac ten thousands) only was paid to the Directors as meeting attendance fees.

AUDITORS

Pursuant to Section 210 of the Companies Act 1994 and regulation no.-15(3) of DSE Listing Regulations 2015, the Company's statutory auditor, M/s. Hoda Vasi Chowdhury & Co., Chartered Accountants, completed their statutory audit for the year 2023, shall retire at 39th Annual General Meeting and being eligible offered their service for another year ie. for the year 2024. Accordingly, the Board of Directors, as per recommendation of the Audit Committee, recommends to reappoint M/s. Hoda Vasi Chowdhury & Co., Chartered Accountants, as statutory auditor of the Company for the year 2024 for shareholders' approval at this Annual General Meeting.

পরিচালকমন্ডলী

উদ্যোক্তা পরিচালক

কোম্পানীর সংঘ বিধি এর ১৫৩, ১৫৪ এবং ১৫৫ অনুযায়ী উদ্যোক্তা পরিচালক ম্যাকামস বাংলাদেশ ট্রাষ্ট এবং আমু টি কোম্পানী লিঃ এর এর প্রতিনিধি যথাক্রমে জনাব সৈয়দ এহসান কাদির এবং জনাব এম শাহ আলম অবসর গ্রহণ করেছেন এবং যোগ্য বিধায় তাঁরা পুনঃনির্বাচনের আগ্রহ ব্যক্ত করেছেন।

সাধারণ শেয়ারহোল্ডারদের পরিচালক

কোম্পানীর সংঘ বিধি এর ১৫৩, ১৫৪ ও ১৫৫ অনুযায়ী সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্য থেকে নির্বাচিত পরিচালক দি চাঁদপুর টি কোম্পানী লিঃ এর প্রতিনিধি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান অবসর গ্রহণ করেছেন এবং যোগ্য বিধায় তিনি পুনঃনির্বাচনের আগ্রহ ব্যক্ত করেছেন।

সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্য থেকে পরিচালক নির্বাচন সংক্রান্ত তথ্যসম্বলিত বিজ্ঞপ্তিটি ২৬ ফেব্রুয়ারী ২০২৪ তারিখের দুটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়, যেখানে নির্বাচনের জন্য মনোনয়নপত্র জমাদানের সর্বশেষ তারিখ বলা হয়েছে ২১ মার্চ ২০২৪। সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্য থেকে পরিচালক নির্বাচন কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় অনুষ্ঠিত হবে।

পরিচালকদের সম্মানী

কোম্পানীর পরিচালনা পর্ষদ-এর সকল পরিচালকগণ নন-এক্সিকিউটিভ পরিচালক এবং তারা বোর্ড ও এর কমিটিসমূহের সভায় উপস্থিতি ফি ব্যতিত অন্য কোন প্রকার পারিশ্রমিক পাওয়ার যোগ্য নন। পরিচালকদের সভায় উপস্থিতি ফি হিসেবে ২০২৩ সালে সর্বমোট ৪১০,০০০/- টাকা প্রদান করা হয়েছিল।

নিরীক্ষকবৃন্দ

কোম্পানী আইন ১৯৯৪ এর ধারা-২১০ এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (লিস্টিং) বিধিমালা- ২০১৫ এর বিধি ১৫(৩) অনুযায়ী কোম্পানী বিধিবদ্ধ নিরীক্ষকবৃন্দ মেসার্স হুদা ভাসী চৌধুরী এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস, নিরীক্ষক হিসেবে ২০২৩ সালের নিরীক্ষা কার্য সম্পন্ন করেছেন এবং আসন্ন ৩৯তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় ২০২৪ সালের বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে কাজ করার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। তদানুসারে কোম্পানীর পরিচালনা পর্ষদ অডিট কমিটির সুপারিশ অনুসারে ২০২৪ সালের বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে মেসার্স হুদা ভাসী চৌধুরী এন্ড কোং-কে পুন:নিয়োগের জন্য বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য সুপারিশ করেছেন।

As per condition 9(2) of the BSEC's notification no.-BSEC/CMRRCD/2006158/207/Admin/80 dated 03 June 2018, M/s. Hoque Bhattacharjee Das & Co., Chartered Accountants, has conducted the corporate governance compliance audit for the year 2023 and being eligible, they have expressed their interest for reappointment to conduct the compliance audit for the year 2024. The Board of Directors recommends, as per recommendation of the Audit Committee, their reappointment as compliance auditor for the year 2024 for shareholders' approval at this Annual General Meeting.

As per Insurance Development & Regulatory Authority (IDRA) corporate governance guidelines dated 19 October 2023, M/s. Uttam & Associates, Chartered Secretaries & Consultants, has conducted IDRA's corporate governance compliance audit for the year 2023 and being eligible, they have expressed their interest for reappointment to conduct the compliance audit for the year 2024. The Board of Directors recommends, as per recommendation of the Audit Committee, their reappointment as compliance auditor for the year 2024 for shareholders' approval at this Annual General Meeting.

CORPORATE AND FINANCIAL REPORTING

The Company has complied with all the requirements of Corporate Governance Codes, published on 03 June 2018, as required by the Bangladesh Securities and Exchange Commission (BSEC).

Accordingly, the Directors are pleased to confirm the following:

(a) The financial statements together with notes thereon have been prepared in conformity with the Companies Act 1994, Insurance Act 2010 and in some applicable cases Insurance Act 1938, Insurance Rules 1958 and Securities & Exchange Commission Rules 1987. These statements present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.

০৩ জুন ২০১৮ তারিখ-এ জারীকৃত বিএসইসি নোটিফিকেশন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/০৭/এডমিন/৮০ অনুযায়ী, মেসার্স হক ভট্টাচার্য দাস এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস, কোম্পানীর করর্পোরেট গর্ভানেন্স কমপ্লাইন্স নিরীক্ষক হিসেবে ২০২৩ সালের নিরীক্ষা কার্য সম্পন্ন করেছেন এবং যোগ্য বিধায় ২০২৪ সালের কমপ্লাইন্স নিরীক্ষক হিসেবে কাজ করার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। তদানুসারে কোম্পানীর পরিচালনা পর্ষদ অডিট কমিটির সুপারিশ অনুসারে ২০২৪ সালের কমপ্লাইন্স নিরীক্ষক হিসেবে তাদের পুন:নিয়োগের জন্য বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য সুপারিশ করেছেন।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ১৯ অক্টোবর ২০২৩ তারিখ-এ জারীকৃত কর্পোরেট গর্ভানেন্স গাইডলাইন অনুযায়ী, মেসার্স উত্তম এন্ড এসোসিয়েটস্, চাটার্ড সেক্রেটারী ও পরামর্শক, কোম্পানীর করর্পোরেট গর্ভানেন্স কমপ্লাইন্স নিরীক্ষক হিসেবে ২০২৩ সালের নিরীক্ষা কার্য সম্পন্ন করেছেন এবং যোগ্য বিধায় ২০২৪ সালের কমপ্লাইন্স নিরীক্ষক হিসেবে কাজ করার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। তদানুসারে কোম্পানীর পরিচালনা পর্ষদ অডিট কমিটির সুপারিশ অনুসারে ২০২৪ সালের কমপ্লাইন্স নিরীক্ষক হিসেবে তাদের পুন:নিয়োগের জন্য বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য সুপারিশ করেছেন।

কর্পোরেট এবং আর্থিক প্রতিবেদন

কোম্পানী বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক প্রণীত কর্পোরেট গভার্নেন্স এর আবশ্যিকগুলো যথাযথ ভাবে পালন করেছে।

তদানুরূপ পরিচালকমন্ডলী নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করেন ঃ

(ক) কোম্পানী আইন, ১৯৯৪, বীমা আইন-২০১০ প্রযোজ্য ক্ষেত্রে বীমা আইন ১৯৩৮ এবং সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন বিধিমালা, ১৯৮৭ অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ এবং সংযুক্ত টীকাসমূহ তৈরী করা হয়েছে। এ বিবরণীসমূহ কোম্পানীর আর্থিক অবস্হা, সমাপ্ত বছরের কার্যক্রমের ফলাফল এবং নগদ অর্থ প্রবাহের সুষ্ঠু প্রতিফলন করে।

(b) Proper books of account of the Company have been maintained.

(c) Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and the accounting estimates are based on reasonable and prudent judgment.

(d) International Accounting Standards or International Financial Reporting Standards, as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements.

(e) The system of internal control is sound in design and has been effectively implemented and monitored.

(f) Minority shareholders have been protected from abusive actions by, or in the interest of, controlling shareholders acting either directly or indirectly;

(g) No bonus share or stock dividend has been declared as interim dividend;

(h) There are no extraordinary activity in the reported period;

(i) There are no significant deviations from the operating result of last year.

(j) There are no significant variance that occurs between quarterly financial performances and annual financial statements.

GOING CONCERN

The Board of directors of United Insurance Company Limited believe that the Company has adequate financial resources to continue in operation for the foreseeable future and accordingly the financial statements have been prepared on a going concern basis. The Directors are also satisfied that the Company is in a sound financial position and they are not aware of any material changes that may adversely impact the Company's operation.

RELATED PARTY TRANSACTIONS

In normal course of business, the Company carries out a number of transactions with other companies/institutions that fall within the definition of related party contained in IAS-24: Related Party Disclosures.

(খ) কোম্পানীর হিসাব বহিসমূহ সঠিকভাবে সংরক্ষিত হয়েছে।

(গ) আর্থিক বিবরণীসমূহ তৈরীতে সঠিক হিসাব নীতিমালাসমূহ যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে। তবে যেখানে এর ব্যত্যয় ঘটেছে তা প্রকাশ করা হয়েছে। হিসাব অনুমানসমুহ যুক্তি সঙ্গতভাবে ও বিচক্ষণতার সাথে করা হয়েছে।

(ঘ) বাংলাদেশে প্রযোজ্য আর্ন্তজাতিক হিসাবমান অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে।

(ঙ) অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্হা সুদৃঢ়ভাবে প্রণীত এবং যার প্রয়োগ এবং পর্যবেক্ষণ অতীব কার্যকর।

(চ) নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডারগন কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গৃহীত বিনিয়োগ স্বার্থ পরিপন্থি সিদ্ধান্ত থেকে ক্ষুদ্র বিনিয়োগকারীগণ সুরক্ষিত।

(ছ) অন্তর্বর্তীকালীন লভ্যাংশ হিসেবে কোন প্রকার বোনস শেয়ার বা স্টক ডিভিডেন্ট প্রদান করা হয়নি।

(জ) প্রতিবেদনকালীন সময়ে কোন অস্বাভাবিক কার্যক্রম সংগঠিত হয়নি।

(ঝ) বিগত বছরের কার্যক্রমের তুলনায় তেমন গুরত্বপূর্ণ কোন বিচ্যুতি নেই।

(ঞ) প্রতিবেদনকালীন সময়ের ত্রৈমাসিক আর্থিক পারফরম্যান্স এবং বার্ষিক আর্থিক বিবৃতিগুলির মধ্যে উল্লেখযোগ্য কোন পার্থক্য নেই।

চলমান ধারাবাহিকতা

ইউনাইটেড ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড-এর পরিচালনা পর্ষদ বিশ্বাস করে যে, এই কোম্পানী অদূর ভবিষ্যত পর্যন্ত কাজ করার পর্যাপ্ত আর্থিক সঙ্গতি আছে এবং তদানুসারে অত্র প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদনসমূহ চলমান ধারাবাহিকতার ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। পরিচালনা পর্ষদ অত্র প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা সন্তোষজনক এবং তারা এমন কোন গুরুত্বপূর্ণ আর্থিক পরিবর্তন সম্পর্কে অবগত নয় যা কোম্পানীর পরিচালন ব্যবস্থায় বিরূপ প্রভাব রাখতে পারে।

সম্পর্কিত পক্ষসমূহের লেনদেন

প্রতিষ্ঠান ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রমের অংশ হিসেবে অন্যান্য কোম্পানী/প্রতিষ্ঠানসমূহের সাথে লেনদেন করে থাকে, যা ”আইএএস-২৪: সম্পর্কিত পক্ষসমূহের লেনদেন”

All related parties transactions arising in normal course of business are conducted at arm's length basis at commercial rates on the same terms and conditions applicable to the other parties. Details of related party transactions, as per clause 1.5(vi) of BSEC's Notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018, are shown in page # 112.

-এ সংজ্ঞায়িত সম্পর্কিত পক্ষসমূহের অর্ন্তভুক্ত। তৃতীয় পক্ষসমূহের জন্য প্রযোজ্য সকল প্রকার ব্যবসায়ের শর্তাদি ও শর্তাবলীহস্বার সম্পর্কিত পক্ষসমূহের লেনদেন-এর ক্ষেত্রেও প্রযোজ্য। বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ১.৫ (vi) অনুযায়ী পৃষ্ঠা নম্বর- ১১২ এ দেখানো হ'ল।

BOARD MEETING ATTENDANCE

During the year, 9 (nine) Board Meetings were held. The attendance of the Directors are shown in page # 51 .

পর্ষদ সভায় উপস্থিতি

আলোচ্য বছরে কোম্পানীর ৯ টি পর্ষদ সভা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভা সমূহে পরিচালকদের উপস্থিতি পৃষ্ঠা নং- ৫১ এ উপস্থাপন করা হয়েছে ।

PATTERN OF SHAREHOLDING

Pattern of shareholding as per clause 1.5(xxiii) of BSEC's Notification No: the BSEC Notification No:BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018 are shown in page # 32 .

শেয়ারহোল্ডিং ধরণ

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ১.৫ (xxiii) অনুযায়ী শেয়ারহোল্ডিং ধরণ পৃষ্ঠা নং- ৩২ এ উপস্থাপন করা হয়েছে ।

KEY OPERATING AND FINANCIAL DATA

The Company's summarised key operating and financial data for the last five years are shown in page # 13.

উল্লেখযোগ্য আর্থিক তথ্য

কোম্পানীর বিগত পাঁচ বছরের সংক্ষিপ্ত ও উল্লেখযোগ্য আর্থিক তথ্যসমূহ পৃষ্ঠা নং- ১৩ এ উপস্থাপন করা হয়েছে ।

BRIEF RESUME OF THE DIRECTORS

Brief resume of the Directors, as per clause 1.5(xxiv) of BSEC's Notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018, are shown in page # 27-31 .

পরিচালকদের সংক্ষিপ্ত জীবনী

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ১.৫ (xxiv) অনুযায়ী পৃষ্ঠা নং-২৭-৩১ এ উপস্থাপন করা হয়েছে।

BRIEF MANAGEMENT'S DICUSSION AND ANALYSIS

The brief management's discussion and analysis of the Company's position and operations along with discussion of changes in the financial statements signed by the Chief Executive Officer is placed in page # 45-48 .

ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন ও বিশ্লেষণ

প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন ও বিশ্লেষণ পৃষ্ঠা নং- ৪৫-৪৮ এ উপস্থাপন করা হয়েছে ।

CERTIFICATION OF THE CHIEF EXECUTIVE OFFICER AND THE CHIEF FINANCIAL OFFICER TO THE BOARD OF DIRECTORS

The Chief Executive Officer and the Chief Financial Officer have performed their duties as per the Rules, responsibilities and duties as prescribed by the board. The report is placed in page # 49 .

প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার প্রতিবেদন

কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা পরিচালনা পর্ষদকর্তৃক প্রদত্ত নিয়মনীতি অনুযায়ী তাদের কার্যক্রম পরিচালনা করেছেন। এ সংক্রান্ত প্রতিবেদন পৃষ্ঠা নং- ৪৯ এ উপস্থাপন করা হয়েছে ।

DIVIDEND DISTRIBUTION POLICY

As per BSEC's directive no: BSEC/CMRRCD/ 2021-386/03 dated 14 January 2021, dividend distribution policy of the company is shown in page # 57-58 .

NOMINATION AND REMUNERATION POLICY

As per the clause 6(5)(c) of BSEC's Notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018, Nomination and Remuneration Policy of the Company is shown in Page # 59.

REPORT ON THE ACTIVITIES OF THE AUDIT COMMITTEE

Pursuant to the clause 5(7) a report on activities of the Audit Committee under condition No. 5(6)(a)(ii) of BSEC's notification: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018 is shown in Page # 63.

REPORT ON THE ACTIVITIES OF THE NOMINATION AND REMUNERATION COMMITTEE

Pursuant to the clause 6(2) of BSEC's Notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018, a report and activities of the Nomination and Remuneration Committee are shown in Page # 64.

SUMMARY OF UNCLAIMED DIVIDEND

As per BSEC's directive no: BSEC/CMRRCD/ 2021-386/03 dated 14 January 2021, summary of unclaimed dividend is shown in Page # 113.

CORPORATE GOVERNANCE COMPLIANCE CERTIFICATE AND REPORT

Certificate from auditors on compliance with the conditions as per clause 9(1) of BSEC's Notification No: SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018 are shown in Page # 65.

লভ্যাংশ বিতরণ নীতিমালা

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০২১-৩৮৬/০৩ তারিখঃ ১৪ জানুয়ারী ২০২১- অনুযায়ী "লভ্যাংশ বিতরণ নীতিমালা" পৃষ্ঠা নং- ৫৭-৫৮ এ উপস্থাপন করা হয়েছে ।

মনোনয়ন ও পারিশ্রমিক নীতিমালা

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ৫(৭) অনুযায়ী কোম্পানীর মনোনয়ন ও পারিশ্রমিক কমিটির নীতিমালা পৃষ্ঠা নং- ৫৯ এ উপস্থাপন করা হয়েছে ।

নিরীক্ষা কমিটির কার্যক্রমের উপর প্রতিবেদন

বিএসইসি নোটিফিকেশন নং- বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ৫(৭) অনুযায়ী কোম্পানীর নিরীক্ষা কমিটির প্রতিবেদন পৃষ্ঠা নং ৬৩ এ সংযুক্ত করা হয়েছে ।

মনোনয়ন ও পারিশ্রমিক কমিটির কার্যক্রমের উপর প্রতিবেদন

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ৬(২) অনুযায়ী কোম্পানীর মনোনয়ন ও পারিশ্রমিক কমিটির প্রতিবেদন পৃষ্ঠা নং- ৬৪ এ উপস্থাপন করা হয়েছে ।

অদাবীকৃত লভ্যাংশ সংক্ষিপ্তাসার

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০২১-৩৮৬/০৩ তারিখঃ ১৪ জানুয়ারী ২০২১-এর ক্লজ ৩(৭) অনুযায়ী অদাবীকৃত লভ্যাংশ সংক্ষিপ্তাসার পৃষ্ঠা নং- ১১৩ এ উপস্থাপন করা হয়েছে ।

কর্পোরেট গভার্নেন্স পরিপালন সনদ ও কর্পোরেট গভার্নেন্স পরিপালন প্রতিবেদন

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ৯(১) অনুযায়ী কোম্পানীর কর্পোরেট গভার্নেন্স পরিপালন সনদ পৃষ্ঠা নং- ৬৫ এ উপস্থাপন করা হয়েছে।

Pursuant to the clause 9(3) of BSEC's Notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018, we attach the Company's Corporate Governance compliance status as Page # 66-76.

As per Insurance Development & Regulatory Authority (IDRA) corporate governance guidelines dated 19 October 2023, IDRA Corporate Governance compliance status report of the Company is attached in page # 79-84.

ACKNOWLEDGEMENT

We gratefully acknowledge valuable help and advices from the esteemed shareholders at the Annual General Meeting, well-wishers, Insurance Development & Regulatory Authority, Bangladesh Insurance Association, our Co-insurers and Re-insurers, Registrar of Joint Stock Companies, Ministry of Finance, Bangladesh Bank, Bangladesh Securities & Exchange Commission, Dhaka Stock Exchange PLC. and Commercial Banks and Financial Institutions.

We also like to thank the members of our staff for their devotion, drive and skill in maintaining the Company's high standard of business ethics.

For the Board of Directors

Dated; Dhaka,
27 February 2024

Prof. Dr. Wahiuddin Mahmood
Chairman

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখঃ ০৩ জুন ২০১৮-এর ক্লজ ৯(৩) অনুযায়ী কোম্পানীর কর্পোরেট গভার্নেন্স পরিপালন সংক্রান্ত নিরীক্ষক-এর প্রতিবেদন পৃষ্ঠা নং- ৬৬-৭৬ এ উপস্থাপন করা হয়েছে।

আইডিআরএ কর্তৃক ১৯ অক্টোবর ২০২৩ তারিখে জারীকৃত বীমা কোম্পানীর জন্য প্রযোজ্য কর্পোরেট গভার্নেন্স নীতিমালা অনুযায়ী কোম্পানীর কর্পোরেট গভার্নেন্স পরিপালন সংক্রান্ত নিরীক্ষক-এর প্রতিবেদন পৃষ্ঠা নং- ৭৯-৮৪ এ উপস্থাপন করা হয়েছে।

কৃতজ্ঞতা স্বীকার

আমরা আমাদের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকল সন্মানিত গ্রাহক, শুভানুধ্যায়ী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ, বাংলাদেশ ইন্সিওরেন্স এসোসিয়েশন, সহ-বীমাকারী ও পুনঃবীমাকারী প্রতিষ্ঠান, যৌথ মূলধনী কারবার ও ফার্ম, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি. এবং বানিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কে মূল্যবান সহযোগিতা এবং পরামর্শের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি।

আমরা আরও ধন্যবাদ জানাতে চাই, কর্মকর্তা ও কর্মচারীদের একান্ত আনুগত্য, নিষ্ঠা, কর্মশক্তি এবং দক্ষতার সাথে কোম্পানীর উচ্চ মানসম্মত ব্যবসায়িক নীতি বজায় রাখার জন্য।

পরিচালনা পর্ষদের পক্ষে

তারিখ, ঢাকা
২৭ ফেব্রুয়ারী ২০২৪

প্রফেসর ডাঃ ওয়াহিউদ্দিন মাহমুদ
চেয়ারম্যান